



# বাংলাদেশ কৃষিব্যাংক

আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়

ব্রাহ্মণবাড়িয়া (উঃ)।

**বিষয় : জুলাই-সেপ্টেম্বর/২০২২ সময়কালের ১ম প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।**

জাতীয় শুদ্ধাচার কৌশলের আলোকে বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া (উঃ) এর নৈতিকতা কমিটির সভা ০৩.০১১.২০২২ ইং তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা জনাব আবদুল আজিজ এর সভাপতিত্বে আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া (উঃ) এ অনুষ্ঠিত হয়। সভায় নিম্নোক্ত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।


(ক) জনাব আবদুল আজিজ, আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া (উঃ)	সভাপতি
(খ) জনাব চন্দনা চৌধুরী, ( পরিদর্শক ), ব্রাহ্মণবাড়িয়া (উঃ)	সচিব ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা।

০২। কর্মক্ষেত্রে শুদ্ধাচার চর্চার গুরুত্ব তুলে ধরার মাধ্যমে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। সুশাসন নিশ্চিত করতে শুদ্ধাচার অনুশীলন একান্ত প্রয়োজন বলে সহ-সভাপতি মহোদয় অভিমত প্রকাশ করেন। তিনি আরো মনে করেন যে, দক্ষতা ও জ্ঞানের সাথে কর্তব্যনিষ্ঠা, সততা, সময়ানুবর্তিতা, আইনের প্রতি আনুগত্য তথা শুদ্ধাচারের যাবতীয় বিষয়ে সমন্বয় প্রয়োজন। বর্তমান ব্যাংকিং খাতে শুদ্ধাচার কৌশলপ্রনয়ণ ও বাস্তবায়নের সময়োপযোগী পদক্ষেপ গ্রহণ অতীব জরুরী বলে সভায় সকলে একমত প্রকাশ করেন। আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া (উঃ) এর কর্মকর্তা/কর্মচারীদের সততা নৈতিকতা ও কর্তব্য নিষ্ঠার দ্বারা প্রতিষ্ঠানিক শুদ্ধাচার প্রতিষ্ঠার মাধ্যমে সাবলীল কর্ম পরিবেশ সৃষ্টির লক্ষ্যে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়-

১. অত্র কার্যালয়ে সকল কর্মকর্তা/কর্মচারী কর্মক্ষেত্রে শুদ্ধাচার চর্চা করার লক্ষ্যে প্রণীত কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন করবেন পাশাপাশি অর্পিত কাজ সুচারুরূপে সম্পন্ন করবেন।
২. সুষ্ঠু আর্থিক ব্যবস্থাপনা নিশ্চিতকরণে সংশ্লিষ্ট বিধিবিধান যথাযথভাবে সকলকে পরিপালনে সচেষ্ট হতে হবে। আর্থিক ব্যবস্থাপনা বা অন্য কোন বিষয়ে অনিয়ম দূরীকরণে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৩. বাংলাদেশ ব্যাংকের নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের বিষয়ে শাখা পর্যায়ে পরামর্শ দিবেন এবং ক্যাশ সার্ভিস ও ব্যবস্থাপনা এবং নোটসটিং এ বিষয়ে শাখাসমূহকে পরামর্শ প্রদান করতে হবে।
৪. নিষ্পত্তিযোগ্য অনুচ্ছেদ সমূহ স্পটেই নিষ্পত্তি করবেন।
৫. আদায়যোগ্য এবং প্রদেয় খাতে অনিষ্পন্ন এন্ট্রি সমূহের বিষয়ে গুরুত্বারোপ করতে হবে।
৬. সকল শাখাকে অভ্যন্তরীণ নিরীক্ষা/বাংলাদেশ ব্যাংক পরিদর্শন/ বাণিজ্যিক নিরীক্ষায় উত্থাপিত আপত্তিসমূহ নিষ্পত্তির বিষয়ে পরামর্শ প্রদান করতে হবে।
৭. খেলাপি ঋণ সংস্কৃতি হতে মুক্তিকল্পে ব্যাংকের খেলাপি ঋণ আদায়ে সচেষ্ট হতে হবে। সরকার ঘোষিত বিভিন্ন প্রদাননা প্যাকেজ এর অধিনে বিতরণকৃত ঋণসমূহ সঠিক খাতে বিতরণ হয়েছে কিনা বিষয়গুলো পর্যবেক্ষণ করতে হবে।
৮. সকলকে মানিলন্ডারিং রোধে সক্রিয় ভূমিকা পালন করতে হবে এবং এতদ্বিষয়ে সকল প্রতিবেদন ও সার্কুলার সমূহ যথাযথ ভাবে পরিপালন নিশ্চিত করতে সকলকে নিয়ে সভা করতে হবে।
৯. বিকেবির আচরনবিধি বাস্তবায়নে সকলকে সদা সচেষ্ট থাকতে হবে।
১০. দর্শণীয় স্থানে অভিযোগ বাস্তব অবিলম্বে স্থাপন করতে হবে এবং অভিযোগসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা নিতে হবে।
১১. গ্রাহক সেবার মান উন্নয়নে সর্বদা সচেষ্ট থাকতে হবে।
১২. সাইবার ক্রাইম ও অনলাইনভিত্তিক বিভিন্ন জাল-জালিয়াতি সম্পর্কে সকলকে সচেতন থাকতে হবে।
১৩. শাখায় নাগরিক অডিট বোর্ড স্থাপনের পরামর্শ দিবেন।
১৪. শাখাকে কিভাবে লাভজনক পর্যায়ে উন্নীত করা যায় সে বিষয়ে পরামর্শ দিবেন।
১৫. শাখাকে সিটিজেনচার্টার স্থাপনের পরামর্শ দিবেন।


সম্মিলিতভাবে শুদ্ধাচার চর্চার মাধ্যমে টীমস্পিরিটকে কাজে লাগিয়ে বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া (উঃ) কে একটি আদর্শ কার্যালয় হিসেবে গড়ে তোলার প্রত্যয় ব্যক্ত করে সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

অত্র কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারী কর্মক্ষেত্রে শুদ্ধাচারচর্চা করার লক্ষ্যে প্রণীত কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন করবেন,

  
নৈতিকতাকমিটির  
সদস্যেরস্বাক্ষর

**চন্দনা চৌধুরী**  
পরিদর্শক  
আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়  
ব্রাহ্মণবাড়িয়া (উঃ)

নৈতিকতাকমিটির  
সদস্য সচিবেরস্বাক্ষর

  
নৈতিকতাকমিটির  
সভাপতিরস্বাক্ষর

স্মারকনং- আনিকা/ব্রাহ্মণবাড়িয়া (উঃ)/শুদ্ধাচার/প্রশা-২১/২০২২-২০২৩/

তারিখঃ- ০৩.১১.২০২২ ইং

সদয়জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ০১। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, কুমিল্লা।
- ০২। বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া (উঃ) এর নিরীক্ষাধীন সকল শাখা।
- ০৩। নথি/মহানথি।

**আবদুল আজিজ**  
আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা  
বাংলাদেশ কৃষি ব্যাংক  
আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়  
ব্রাহ্মণবাড়িয়া (উঃ)

সদস্য সচিব  
(ফোকাল পয়েন্ট কর্মকর্তা, নৈতিকতা কমিটি)